# FYUG Odd Semester Exam., 2024

## BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGDSC–201T

**( উনিশ শতকের বাংলা কবিতা ও নাটক )**

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'মেঘনাদ বধ' কাব্যের প্রথম সর্গের নাম কী? কবি এই সর্গে কার বন্দনা করেছেন?

(খ) সীতাকে হরণ করে রাবণ কোথায় রেখেছিলেন? রাবণের রথের নাম কী?

(গ) মেঘনাথের মৃত্যু হলে লঙ্কাবাসী কতদিন শোক পালন করেছিল? মেঘনাথের চিতা কী দিয়ে নেভানো হয়েছিল?

২। 'মেঘনাদ বধ' কাব্যের প্রথম সর্গ অবলম্বনে রাবণের চরিত্র-চিত্রণ করো। ১০

অথবা

৩। ‘মেঘনাদ বধ’ কাব্যের প্রধান রস বীররস না করুণরস—আলোচনা করো। ১০

## UNIT—II

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ‘ঊনবিংশ শতকের গীতিকবিতা সংকলন’ গ্রন্থের সম্পাদকদ্বয়ের নাম উল্লেখ করো।

(খ) বিহারীলাল চক্রবর্তীর দুটি কাব্যগ্রন্থের নাম লেখ।

(গ) মানকুমারী বসুর ‘সখী’ নামক গীতিকবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত এবং সেটি কত সনে প্রকাশিত হয়?

৫। বিহারীলাল চক্রবর্তীর ‘সুরবালা’ কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

অথবা

৬। কবি অক্ষয়কুমার বড়ালের ‘হৃদয় সমুদ্রসম’ কবিতাটি বিশ্লেষণ করে তার ভাবসৌন্দর্য বিচার করো। ১০

## UNIT—III

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) শূন্যস্থান পূর্ণ করো :

“_____ খুঁজে খুঁজে ফিরে _____।”

(খ) 'সোনার তরী' কাব্যগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? এই গ্রন্থে সর্বমোট কতটি কবিতা রয়েছে?

(গ) রবীন্দ্রনাথ 'যেতে নাহি দিব' কবিতাটি কোথায় বসবাস-কালে রচনা করেন? এই কবিতায় কবির কন্যার বয়স কত উল্লেখ রয়েছে?

৮। 'সোনার তরী' কাব্যগ্রন্থের নাম কবিতা 'সোনার তরী'র রূপকার্থ নিজের ভাষায় বিবৃত করো। ১০

*অথবা*

৯। 'সোনার তরী' কাব্যগ্রন্থের 'বৈষ্ণব কবিতা' শীর্ষক কবিতাটির মূল বিষয়বস্তু নিজের ভাষায় লেখো। ১০

## UNIT—IV

১০। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'কৃষ্ণকুমারী' নাটক ব্যতীত মাইকেল মধুসূদন দত্তের অন্য যে কোনো দুটি নাটকের নাম লিপিবদ্ধ করো।

(খ) ভীম সিংহ কোথাকার রাজা ছিলেন? তাঁর কন্যার নাম কী?

(গ) মধুসূদন দত্ত 'কৃষ্ণকুমারী' নাটকের কাহিনি Todd-এর কোন্ গ্রন্থ থেকে চয়ন করেন? 'কৃষ্ণকুমারী' কোন্ শ্রেণির নাটক?

১১। ঐতিহাসিক নাটক হিসেবে 'কৃষ্ণকুমারী'র সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

১২। 'কৃষ্ণকুমারী' নাটক অবলম্বনে কৃষ্ণকুমারী চরিত্রটি চিত্রণ করো। ১০

## UNIT—V

১৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) দীনবন্ধু মিত্রের 'সধবার একাদশী' প্রহসনটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? এই নাট্যকারের অন্য একটি প্রহসনের নাম উল্লেখ করো।

(খ) "এর চেয়ে বিধবা থাকা ভাল।" 'সধবার একাদশী' প্রহসনে উক্তিটি কার? তাঁর স্বামীর নাম কী?

(গ) 'সধবার একাদশী' প্রহসনে কয়টি অঙ্ক রয়েছে? প্রথম অঙ্কে কয়টি গর্ভাঙ্ক বর্তমান?

১৪। 'সধবার একাদশী' প্রহসনটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

১৫। 'সধবার একাদশী' প্রহসনে চিত্রিত নিমচাঁদ চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

★ ★ ★

**FYUG Odd Semester Exam., 2024**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGDSC-202T

**( উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০

উত্তীর্ণমান : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনূদিত 'সীতার বনবাস' গ্রন্থের উৎস গ্রন্থ কী কী?

(খ) দুর্মুখ কে? সে রামকে কী সংবাদ দিয়েছিল?

(গ) সীতাকে বনবাসে কে নিয়ে গিয়েছিলেন? তাঁদের রথের সারথি কে ছিল?

২। ''বিদ্যাসাগর তাঁর 'সীতার বনবাস' গ্রন্থে অনুবাদের মাধ্যমেও যে শিল্প ও সাহিত্যের অমরাবতীতে উত্তীর্ণ হতে সক্ষম তা প্রমাণ করে দিলেন।''—বিখ্যাত সমালোচকের এই মন্তব্যের আলোকে 'সীতার বনবাস' গ্রন্থের অনুবাদের মৌলিকতা বিশ্লেষণ করো। ১০

অথবা

৩। "বিদ্যাসাগর 'সীতার বনবাসে' সীতা চরিত্রটি বাস্তব সত্যের মধ্যে প্রতিষ্ঠিত করেছেন। পৌরাণিক পরিবেশ থেকে নামিয়ে এনে বাঙালির হৃদয়ে চিরদিনের জন্য চিত্রিত করেছেন।" বিদ্যাসাগরের 'সীতার বনবাস' গ্রন্থের সীতা চরিত্রের বিশেষত্ব আলোচনা করো। ১০

## UNIT—II

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম কী ছিল? তাঁর 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(খ) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থের 'আলাল' ও 'দুলাল'-এর নাম লেখো।

(গ) "ও আমার সবেধন নীলমণি—ভুলাইয়া টুলাইয়া গায় হাত বুলাইয়া শেখাও"—এ কথাটি কে, কাকে বলেছেন?

৫। প্যারীচাঁদ মিত্রের 'আলালের ঘরের দুলাল' গ্রন্থের দুলাল চরিত্র সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

৬। "উহাতেই প্রথম এ বাঙ্গালাদেশে প্রচারিত হইল যে, যে বাঙ্গালা সর্বজন মধ্যে কথিত এবং প্রচলিত, তাহাতে গ্রন্থ রচনা করা যায়, সে রচনা সুন্দরও হয়"—'আলালের ঘরের দুলাল' গ্রন্থের গদ্যভাষার বিশেষত্ব সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। ১০

## UNIT—III

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) নকশা কী?

(খ) কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(গ) "আজকাল সহরের ইংরাজি কেতার বাবুরা দুটি দল হয়েছেন"—দল দুটি কী কী?

৮। "কলকেতা সহরের আমোদ শিগ্‌গির ফুরায় না।" কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থের 'কলিকাতার চড়কপার্বণ' পাঠে 'চড়ক'-এর যে বর্ণনা পাওয়া যায় তা বিশ্লেষণ করো। ১০

*অথবা*

৯। "ইহাতে আমাদিগের সমাজের বর্তমান অবস্থা সবিস্তারে বর্ণিত হইয়াছে।" সমালোচকের এই মন্তব্যের আলোকে 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থে বর্ণিত সমাজচিত্রের পরিচয় দাও। ১০

## UNIT—IV

১০। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' উপন্যাসের প্রথম পরিচ্ছেদের নাম কী? উপন্যাসটির পরিচ্ছেদসংখ্যা কত?

(খ) নগেন্দ্রনাথ দত্ত কোথাকার জমিদার ছিলেন? তাঁর স্ত্রীর নাম কী?

(গ) 'বিষবৃক্ষ' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

১১। "বঙ্কিমচন্দ্রের সমাজ সম্বন্ধে নিখুঁত পর্যবেক্ষণ ও উপলব্ধির গভীরতাই 'বিষবৃক্ষ' উপন্যাসের মূল সূত্র।" সামাজিক উপন্যাস হিসেবে 'বিষবৃক্ষ'-এর সার্থকতা বিশ্লেষণ করো। ১০

অথবা

১২। 'বিষবৃক্ষ' উপন্যাসের নগেন্দ্রনাথ চরিত্রের বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো। ১০

## UNIT—V

১৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম গল্পের নাম লেখো। সুভাষিণী কে?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম পর্বে রচিত গল্পগুলি কোন্ কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(গ) রবীন্দ্রনাথের 'ছুটি' গল্প কত খ্রিস্টাব্দে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

১৪। "কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল, সে মরে নাই।" রবীন্দ্রনাথের 'জীবিত ও মৃত' গল্প অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য সবিস্তারে বর্ণনা করো। ১০

অথবা

১৫। রবীন্দ্রনাথের 'মধ্যবর্তিনী' গল্পের নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো। ১০

★ ★ ★

# 2024/FYUG/ODD/SEM/
# BNGAEC–201T/236

**FYUG Odd Semester Exam., 2024**

BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGAEC–201T

**( বিশ শতকের বাংলা সাহিত্য ও ভাষা )**

*পূর্ণমান* : ৫০

উত্তীর্ণমান : ২০

*সময়* : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

**UNIT—I**

১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) আমাদের পাঠ্য 'প্রশ্ন' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন্ কাব্যগ্রন্থ থেকে সংকলিত?

(খ) 'অভিশাপ' কবিতায় কবি নিজেকে কী বলে চিহ্নিত করেছেন?

(গ) যতীন্দ্রনাথ সেনগুপ্তের যে কোনো একটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

(ঘ) শূন্যস্থান পূর্ণ করো :

"থাকে শুধু অন্ধকার, মুখোমুখি বসিবার ______।"

২। জীবনানন্দ দাসের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। ২

অথবা

৩। 'দুঃখবাদী' কবি কে? তাঁর জন্মসন উল্লেখ করো। ২

৪। রবীন্দ্রনাথের 'প্রশ্ন' কবিতার মূল ভাব সংক্ষেপে উপস্থাপন করো। ৫

অথবা

৫। 'দেশোদ্ধার' কবিতায় যতীন্দ্রনাথ সেনগুপ্ত চাষীদের যে জীবনচিত্র ফুটিয়ে তুলেছেন তা সংক্ষেপে আলোকপাত করো। ৫

## UNIT—II

৬। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরানী' গল্পে 'কেরানী' কোন্ অফিসে চাকরি করতেন?

(খ) "না-হয় আর একটা বিয়েই করি।" প্রেমেন্দ্র মিত্রের 'শৃঙ্খল' গল্পে উক্ত বাক্যটি কে ব্যবহার করেছেন?

(গ) প্রেমেন্দ্র মিত্রের 'স্টোভ' গল্পে শশিভূষণের স্ত্রীর নাম কী?

(ঘ) প্রেমেন্দ্র মিত্রের একটি গল্পের নাম 'পুন্নাম'। 'পুন্নাম' শব্দের অর্থ কী?

৭। প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরানী' গল্পটি কোন্ পত্রিকায় এবং কোন্ সনে প্রকাশিত হয়? ২

অথবা

৮। 'শৃঙ্খল' গল্পের প্রধান চরিত্র দুটির নাম উল্লেখ করো। ২

৯। 'শুধু কেরানী' জীবনযুদ্ধে হেরে যাওয়ার গল্প—আলোচনা করো। ৫

অথবা

১০। 'স্টোভ' গল্পটিতে প্রেমের পরাজয়ের যে ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো। ৫

## UNIT—III

১১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) শব্দার্থ পরিবর্তনের প্রধান ধারা কয়টি?

(খ) 'পাষণ্ড' শব্দটির মৌলিক অর্থ কী ছিল?

(গ) 'সন্দেশ'-এর মূল অর্থ 'সংবাদ'—এটি শব্দার্থ পরিবর্তনের কোন্ ধারার অন্তর্ভুক্ত?

(ঘ) অর্থবিস্তারের একটি উদাহরণ দাও।

১২। 'প্রদীপ' শব্দের মূল অর্থ কী ছিল? অর্থ-পরিবর্তনের ফলে এর অর্থ কী দাঁড়িয়েছে? ২

অথবা

১৩। অর্থসংশ্লেষ কাকে বলে? ২

১৪। 'অর্থসঙ্কোচ' সম্পর্কে উদাহরণসহ বিস্তৃত আলোচনা করো। ৫

অথবা

১৫। শব্দার্থ পরিবর্তনের যে কোনো দুটি কারণ আলোচনা করো। ৫

## UNIT—IV

১৬। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কারক কাকে বলে?

(খ) 'কর্তৃ'কারকের একটি উদাহরণ উপস্থাপন করো।

(গ) বাংলায় মোট কত প্রকার বিভক্তি রয়েছে?

(ঘ) "আমাকে কাল গুয়াহাটি যেতে হবে।" কোন্ কারকের উদাহরণ।

১৭। কর্মকারকের সংজ্ঞা উপস্থাপন করো ও একটি উদাহরণ দাও। ২

অথবা

১৮। 'তিলে তেল হয়' এবং 'তিলে তেল আছে'—রেখাঙ্কিত পদ দুটি কোন্ কোন্ কারকের দৃষ্টান্ত? ২

১৯। অধিকরণ কারক কাকে বলে? অধিকরণ কারক কয় প্রকার ও কী কী? উদাহরণসহ উল্লেখ করো। ৫

অথবা

২০। বিভক্তি কাকে বলে? বিভক্তি কয় প্রকার ও কী কী? শূন্য বিভক্তির একটি উদাহরণ দাও। ৫

## UNIT—V

২১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) দ্বন্দ্ব সমাস কাকে বলে?

(খ) 'শতাব্দী = শত অব্দের সমাহার'—কোন্ সমাসের উদাহরণ?

(গ) যেখানে পূর্বপদটি সংখ্যাবাচক এবং সমস্তপদের দ্বারা সংখ্যা, সংযোগ বা সমষ্টিকে বোঝানো হয় তাকে কোন্ সমাস বলে?

(ঘ) তৎপুরুষ সমাসের একটি উদাহরণ দাও।

২২। তৎপুরুষ সমাসের যে কোনো দুটি শ্রেণীর উল্লেখ করো। ২

অথবা

২৩। যে কোনো দুটি সমাসের নাম উল্লেখ করো। ২

২৪। তৎপুরুষ সমাস কাকে বলে? যে কোনো তিনটি তৎপুরুষ সমাসের উদাহরণ দাও। ৫

অথবা

২৫। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

দম্পতি ; চৌমাথা ; বিলাত-ফেরত ; গাছপাকা ; সিংহাসন ; উপকূল ; বীণাপাণি।

* * *

**FYUG Odd Semester Exam., 2024**

BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGSEC-201T

**( অনুবাদ ও গণজ্ঞাপন )**

পূর্ণমান : ৫০
উত্তীর্ণমান : ২০

সময় : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'Transcreation' শব্দটির বাংলা পরিভাষা কী?

(খ) অনুবাদ কয় প্রকার?

(গ) 'Target Text' বা 'Source Text'-এর বাংলা প্রতিশব্দ কী?

(ঘ) "আক্ষরিক অনুবাদ হচ্ছে—'মরা বাছুরের রূপ'" উক্তিটি কার?

২। অনুবাদ চর্চার ক্ষেত্রে যে কোনো দুটি সমস্যার উল্লেখ করো। ২

অথবা

৩। ভাবানুবাদ বলতে কী বোঝ? ২

৪। আদর্শ অনুবাদকের গুণাবলি সম্পর্কে আলোচনা করো। ৫

অথবা

৫। আক্ষরিক অনুবাদ ও ভাবানুবাদের মধ্যে তুলনামূলক পার্থক্য নির্ধারণ করো। ৫

## UNIT—II

৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কৃত্তিবাস ওঝা কোন্ ভাষা থেকে 'বাংলায় রামায়ণ' অনুবাদ করেছিলেন?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি'র ইংরেজি অনুবাদটির নাম কী?

(গ) বাংলা প্রতিশব্দ লেখো :

Manuscript/Feedback

(ঘ) আলাওলের 'পদ্মাবতী' কোন্ গ্রন্থ থেকে অনূদিত?

৭। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনূদিত যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো। ২

অথবা

৮। বাংলায় অনুবাদ করো : ২

"Arise, awake and stop not till the goal is reached."

অথবা

''सफलता वही पाता है जो निरंतर कोशिश करता रहता है।''

৯। বাংলায় অনুবাদ করো : ৫

"Patriotism is love for one's country. It is powerful sentiment and wholly unselfish and noble. A patriot can sacrifice even his own life for the welfare of his country. It is idealism that gives courage and strength. But false patriotism makes a man narrow-minded and selfish."

অথবা

১০। বাংলায় অনুবাদ করো : ৫

''অসমীয়া আধুনিক সাহিত্যজগতৰ অন্যতম পুৰোধা ব্যক্তি তথা ৰোমাণ্টিক যুগৰ ত্রি-মূৰ্ত্তিৰ অন্যতম

কাণ্ডাৰী লক্ষ্মীনাথ বেজবৰুৱা হৈছে একাধাৰে কবি, গীতিকাৰ, নাট্যকাৰ, ঔপন্যাসিক, ৰম্যৰচক, প্ৰবন্ধকাৰ, আলোচনী সম্পাদক, জীৱনীকাৰ তথা তত্ত্বমূলক প্ৰবন্ধলেখক। অসমীয়া চুটিগল্প সাহিত্যই তেওঁৰ হাততেই প্ৰাণ পাই উঠিছিল। কবিতা হয় যদি হওক নহয় যদি নাই বাক্যৰে কবিতাৰ জগতখনতো বিশেষ প্ৰতিভাৰ পৰিচয় দিবলৈ সক্ষম হৈছিল। ভাষা-সাহিত্য-সংস্কৃতিৰ বৰঘৰ নিৰ্মাণত তথা অসমীয়া জাতীয় সত্তাৰ ভেটি মজবুত কৰাত তেওঁৰ যি অহোপুৰুষাৰ্থ সেই কথা প্ৰতিজন অসমীয়া মাত্ৰে অৱগত।"

## UNIT—III

১১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'গণজ্ঞাপন'-এর ইংরেজি পরিভাষা কী?

(খ) 'Television'-এর বাংলা পরিভাষা কী?

(গ) 'গণজ্ঞাপন' পরিভাষাটির প্রবক্তা কে?

(ঘ) কে প্রথম মুদ্রণ প্রযুক্তির আবিষ্কার করেন?

১২। বর্তমান সময়ে বহুলরূপে ব্যবহৃত দুটো গণমাধ্যমের নাম লেখো। ২

*অথবা*

১৩। 'গণজ্ঞাপন' শব্দটি কোন্ দুটি শব্দের যুগ্মরূপ? ২

১৪। গণজ্ঞাপনের যে কোনো পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫

*অথবা*

১৫। গণজ্ঞাপনের অন্যতম মাধ্যম হিসেবে দূরদর্শনের ভূমিকা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ৫

## UNIT—IV

১৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) ভারতীয় সংবাদপত্রের জনক কাকে বলা হয়?

(খ) 'সাংবাদিকতা'র ইংরেজি পরিভাষা কী?

(গ) কত সালে Press Regulation আইন প্রণয়ন করা হয়?

(ঘ) 'সংবাদ প্রভাকর'-এর সম্পাদক কে ছিলেন?

১৭। হলুদ সাংবাদিকতা বলতে কী বোঝ? ২

*অথবা*

১৮। বরাক উপত্যকা থেকে প্রকাশিত যে কোনো দুটি সংবাদপত্রের নাম লেখো। ২

১৯। সংবাদপত্রের প্রাচীন ও নব্য-রীতির তুলনামূলক আলোচনা করো। ৫

*অথবা*

২০। একজন সাংবাদিকের সমাজ-মানুষ-দেশের প্রতি কিছু দায়বদ্ধতা থাকে—এই দায়বদ্ধতাগুলো সম্পর্কে আলোচনা করো। ৫

## UNIT—V

২১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'ক্ষেত্রসমীক্ষা'র ইংরেজি পরিভাষা কী?

(খ) 'Field Research'-এর বাংলা পরিভাষা কী?

(গ) একটি সংবাদপত্রে সম্পাদকীয় সাধারণত কত সংখ্যক পৃষ্ঠায় থাকে?

(ঘ) সংবাদদাতার সংখ্যানুসারে সাক্ষাৎকারকে কয়টি ভাগে ভাগ করা হয়?

২২। সংবাদের যে কোনো দুটি প্ল্যাটফর্ম বা প্রচার মাধ্যমের নাম লেখো। ২

*অথবা*

২৩। প্রিন্ট ও বৈদ্যুতিন সংবাদমাধ্যমের যে কোনো দুটি পার্থক্য উল্লেখ করো। ২

২৪। বরাক উপত্যকার বন্যা ও তার প্রতিকার সম্পর্কে একটি ক্ষেত্রসমীক্ষাভিত্তিক সাংবাদিক প্রতিবেদন প্রস্তুত করো। ৫

*অথবা*

২৫। পরিবেশ সম্পর্কে কীভাবে জনসচেতনতা গড়ে তোলা যেতে পারে—এ সম্পর্কে একটি সাংবাদিক প্রতিবেদন লেখো। ৫

★ ★ ★